রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২৬, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ**

**মুদ্রণ ও প্রকাশনা শাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১২ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৬ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ।

নং **৩১ (মুঃ ও প্রঃ)**।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ১২ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৬ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্দ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

**অধ্যাদেশ নং-৩১, ২০২৫**

**২০২৫ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে প্রণীত**

**অধ্যাদেশ**

যেহেতু ২০২৫ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(৩) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিলেন:—



মূল্য : ৪.০০

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই অধ্যাদেশ নির্দিষ্টকরণ (সম্পূরক) অধ্যাদেশ, ২০২৫ নামে অভিহিত হইবে।

২। **২০২৪-২০২৫ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ১৩০৫১২,০৮,৮২,০০০ (এক লক্ষ ত্রিশ হাজার পাঁচশত বারো কোটি আট লক্ষ বিরাশি হাজার) টাকা প্রদান।**—২০২৫ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে যেই সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই অধ্যাদেশের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত **১৩০৫১২,০৮,৮২,০০০ (এক লক্ষ ত্রিশ হাজার পাঁচশত বারো কোটি আট লক্ষ বিরাশি হাজার)** টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

৩। **নির্দিষ্টকরণ।**—এই অধ্যাদেশ দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য ২০২৫ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে এই অধ্যাদেশের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদি ও উদ্দেশ্যসমূহের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

**তফসিল**

(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | অন্যান্য ব্যয় | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | বাংলাদেশ সুপ্রীম কোর্ট | ৪,৬৬,৫২ | ০ | ৪,৬৬,৫২ |
| ০৬ | বাংলাদেশ সরকারি কর্ম কমিশন | - ৭,৯৯,৩৪ | ১৩,৫০,০০ | ৫,৫০,৬৬ |
| ০৭ | অর্থ বিভাগ | ১১১৪৮১,৩৭,০০ | -৭২২৪,৭৯,০৯ | ১০৪২৫৬,৫৭,৯১ |
| ০৯ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | ০ | ৭৩৫,৬৬,৮৯ | ৭৩৫,৬৬,৮৯ |
| ১১ | পরিকল্পনা বিভাগ | ০ | ২০১৯৯,৭৪,২৫ | ২০১৯৯,৭৪,২৫ |
| ১৩ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | ০ | ৪০,৫৭,৪৯ | ৪০,৫৭,৪৯ |
| ২০ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০ | ৬,৯৯,৭০ | ৬,৯৯,৭০ |
| ৩০ | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | ০ | ৯০,৩৩,৯৮ | ৯০,৩৩,৯৮ |

(অংকসমূহ হাজার টাকায়)

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ<br>হিসাবের প্রধান খাতসমূহ | অনধিক টাকা<br>সংযুক্ত তহবিলের উপর দায় | অন্যান্য ব্যয় | মোট |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪৪ | পানি সম্পদ মন্ত্রণালয় | ০ | ১৪৯০,৫০,০০ | ১৪৯০,৫০,০০ |
| ৪৫ | খাদ্য মন্ত্রণালয় | ০ | ৩৬৮১,৫১,৪২ | ৩৬৮১,৫১,৪২ |
| | **মোট সম্পূরক বরাদ্দ** | **১১১৪৭৮,০৪,১৮** | **১৯০৩৪,০৪,৬৪** | **১৩০৫১২,০৮,৮২** |

তারিখ: ১২ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ
২৬ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ

মোঃ সাহাবুদ্দিন
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

---

**ড. হাফিজ আহমেদ চৌধুরী**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd